যুগান্তর
তারিখ 01 APR 2008
পৃষ্ঠা ২ কলাম ৪

# শিক্ষা ক্যাডারের ৩০ কর্মকর্তাকে বদলি

যুগান্তর রিপোর্ট

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ৩০ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। এদের প্রায় সবাই পদোন্নতি পেয়েছেন। রোববার শিক্ষা মন্ত্রণালয়ের এক পরিপত্রে বদলির আদেশ জারি করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তাদের আগামী ১৫ এপ্রিলের মধ্যে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে।

৩০ জনের মধ্যে ২০ জন অধ্যাপক, ছয়জন সহযোগী অধ্যাপক, দু'জন সহকারী অধ্যাপক এবং দু'জন প্রভাষক। এদের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ আবদুল ওয়াদুদকে রাজশাহী কলেজের উপাধ্যক্ষ পদে এবং চট্টগ্রাম সিটি কলেজের উপাধ্যক্ষ দিল মনোয়ারা বেগমকে একই কলেজের অধ্যক্ষ হিসেবে পদোন্নতি দেয়া হয়েছে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসি) উপ-পরিচালক শাহিদা নাজরিনকে ইডেন মহিলা কলেজের সহযোগী অধ্যাপক করা হয়েছে।

বদলির আদেশপ্রাপ্ত অন্যরা হলেন— নীলফামারী মহিলা সরকারি কলেজের অধ্যক্ষ আবেদা খাতুনকে রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ, কারমাইকেল কলেজের অধ্যাপক মোঃ গিয়াসউদ্দিনকে পঞ্চগড় মকবুলার রহমান সরকারি কলেজের অধ্যক্ষ, যশোর এমএম কলেজের উপাধ্যক্ষ কাদের হোসেন চৌধুরীকে কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যাপক শেখ আবুল হোসেনকে যশোর এমএম কলেজের অধ্যক্ষ করা হয়েছে। ঢাকা কলেজের অধ্যাপক ভজন চন্দ্র সরকারকে জামালপুর জাহেদা শফি সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ, খুলনা সরকারি আজম খান কমার্স কলেজের অধ্যাপক আশীষ কুমার বোসকে মাদারীপুর সরকারি সুফিয়া মহিলা কলেজের অধ্যক্ষ, নেত্রকোনা সরকারি কলেজের অধ্যাপক নেসার আহমেদকে সিলেট বিয়ানীবাজার সরকারি কলেজের অধ্যক্ষ, চট্টগ্রাম সরকারি কলেজের অধ্যাপক মোঃ আবদুর রশিদকে কুমিল্লার বড়ুরা শহীদ সিটি কলেজের অধ্যক্ষ, পটুয়াখালী সরকারি কলেজের অধ্যাপক অনিল চন্দ্র সরকারকে মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ, বরিশাল বিএম কলেজের অধ্যাপক হায়দার আলী মাঝিকে বরিশাল বাকেরগঞ্জ সরকারি কলেজের অধ্যক্ষ, নোয়াখালী সরকারি কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলামকে নওগাঁ বদলগাছি সরকারি কলেজের অধ্যক্ষ, বরিশাল বিএম কলেজের অধ্যাপক একেএম মজিবুর রহমানকে বরিশাল সরকারি কলেজের অধ্যক্ষ, যশোর এমএম কলেজের অধ্যাপক আবদুত তাওয়াবকে ফরিদপুর বোয়ালমারি সরকারি কলেজের অধ্যক্ষ, কুমিল্লার লাকসামের সরকারি নবাব ফয়জুন্নেসা কলেজের সহযোগী অধ্যাপক শাহ আলম সরকারকে ধামরাই সরকারি কলেজের অধ্যাপক, পিরোজপুর স্বরূপকাঠি সরকারি কলেজের অধ্যক্ষ আবু জালাল মোঃ নাজমুল আজিজকে মাদারীপুর শিবচর বরহামগঞ্জ সরকারি কলেজের অধ্যক্ষ পদে বদলি করা হয়েছে।